**প্রি-কে ফর অল এবং আর্লিলার্ন এনওয়াইসি প্রোগ্রামস্ এনওয়াইসি** *ডিপার্টমেন্ট অভ এডুকেশন অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন সার্ভিসেসের ইতিবাচক আচরণের গাইডেন্স বিষয়ে* **বিবৃতি**

## অবস্থান

এনওয়াইসি ডিপার্টমেন্ট অভ এডুকেশন(ডিওই)এবং অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন সার্ভিসেস(এসিএস) প্রি-কে ফর অল কর্মসূচির সকল শিক্ষার্থী ও পরিবারকে কিন্ডারগার্টেনে প্রবেশে সফল হবার জন্য প্রয়োজনীয় দক্ষতা এবং জ্ঞানের প্রস্তুতি নিশ্চিতকরণে প্রতিশ্রুতিবদ্ধ। প্রি-কে ফর অল-এ, শিক্ষার্থীরা উন্নয়নের সকল শাখায় একটি শক্তিশালী ভিত্তি অর্জন করবে এবং পরিবারসমূহ তাদের শিক্ষণ এবং বেড়ে ওঠায় সহায়তাদানে প্রস্তুত থাকবে।

প্রি-কে ফর অল এবং আর্লিলার্ন এনওয়াইসি কর্মসূচিসমূহ শিক্ষার্থী এবং পরিবারের সাথে ইতিবাচক সম্পর্ক গড়ে তোলার জন্য পরিবেশ কাঠামো এবং পারস্পরিক যোগাযোগের পদ্ধতি তৈরি করার দায়িত্ব পালন করে। আমাদের প্রি-কে কর্মসূচিতে, শিক্ষার্থী এবং পরিবারগুলো নিজেদেরকে কর্মসূচির কম্যুনিটিতে নিরাপদ, সহায়তা, এবং স্বীকৃতিপ্রাপ্ত গুরুত্বপূর্ণ সদস্য বোধ করবে। সক্রিয় শিক্ষণে সংশ্লিষ্ট একজন শিক্ষার্থী যে নিজেকে নিরাপদ, সহায়তাপ্রাপ্ত এবং মূল্যবান মনে করে, তার ইতিবাচক পারস্পরিক যোগাযোগে মর্যাদাপূর্ণ এবং গঠনমূলক আচরণ এবং সংশ্লিষ্টতা প্রদর্শনের সম্ভাবনা বৃদ্ধি পায়। কর্মসূচি চলাকালে উন্নতিশীল যথাযথ শিক্ষাদানের অংশ হিশেবে শিক্ষার্থীদের আচরণ ইতিবাচক দিকে পরিচালিত হওয়া উচিত।

**প্রি-কে ফর অল এবং আর্লিলার্ন এনওয়াইসি কর্মসূচিগুলোতে শিক্ষার্থীদের বহিষ্কার অথবা সাসপেন্ড করা নাও হতে পারে।**

প্রি-কে ফর অল কর্মসূচিগুলোতে ইতিবাচক আচরণের গাইডেন্স কৌশল বাস্তবায়ন প্রত্যাশিত যার ভিত্তি নিচে উল্লিখিত অনুশীলনীর মধ্যে।

- শিক্ষকবৃন্দ উন্নতিশীল যথাযথ কৌশল ব্যবহারের মাধ্যমে যত্নশীল শিক্ষণ পরিবেশ গড়ে তোলে যা শিক্ষার্থীদের সামাজিক এবং মানসিক বৃদ্ধি এবং শিক্ষণ পদ্ধতিকে সমৃদ্ধ করে। উন্নতি এবং শিক্ষণের এইসব শাখা সম্পর্কে আরও বিস্তারিত জানতে, NYS Prekindergarten Foundation for the Common Core এবং Head Start Child Development and Early Learning Framework দেখুন।
- সফল ইতিবাচক আচরণের গাইডেন্সের ভিত্তি গড়ে উঠেছে শক্তিশালী সম্পর্কের উপর যার আস্থা এবং মর্যাদায় প্রোথিত। কর্মসূচিটি যাতে সকল শিক্ষার্থীর চাহিদা পূরণ করে সেবিষয়টি নিশ্চিত করতে কর্মসূচিগুলো পরিবারের সাথে সহযোগিতা করে। শিক্ষকবৃন্দ এবং প্রশাসকগণ প্রতিটি পরিবারের সাথে শেয়ারকৃত ধারণার ভিত্তিতে প্রত্যেক শিক্ষার্থীর সামাজিক, মানসিক, এবং আচরণগত দক্ষতা গড়ে তোলে। পরিবারের সাথে নিয়মিত এবং অব্যাহত দ্বি-মুখী যোগাযোগ প্রতিষ্ঠার মাধ্যমে শক্তিশালী সম্পর্ক তৈরি হয় যা কার্যকরীভাবে সহযোগিতামূলক।

## প্রি-কে কর্মসূচিসমূহের গাইডেন্স এবং সহায়তার উপরিচিত্র:

উপরে উল্লিখিত প্রত্যাশা পূরণে কর্মসূচিগুলোকে সহায়তা প্রদান করতে নিচের পৃষ্ঠাসমূহে ইতিবাচক আচরণের গাইডেন্স কৌশল বিষয়ে বাড়তি গাইডেন্স বর্ণিত আছে। কর্মসূচিগুলোতে বাস্তবায়িত আচরণ সংক্রান্ত গাইডেন্স পদ্ধতি, কৌশল, পলিসি এবং প্রক্রিয়া এই গাইডেন্সের সাথে অবশ্যই সমন্বিত হতে হবে। আমাদের গাইডেন্স বর্তমানে যেসব সেকশন অন্তর্ভুক্ত করে সেগুলি হলো:

1. কার্যকর ব্যবস্থা
2. ইতিবাচক শক্তিবৃদ্ধিকরণ
3. উত্তরপ্রদানের কৌশল

**যেসব ক্ষেত্রে কর্মসূচিসমূহে ইতিবাচক আচরণের গাইডেন্স কৌশলের ব্যাখ্যা অথবা বাস্তবায়নে অধিক সহায়তার চাহিদা থাকে, সেসব ক্ষেত্রে কর্মসূচিগুলোর ডিওই অথবা এসিএস-এর সাথে যোগাযোগ করা উচিত।**

- কোন প্রশ্ন থাকলে প্রি-কে ফর অল কর্মসূচিসমূহের(এর মধ্যে আছে ডিস্ট্রিক্ট স্কুলস্, এনওয়াইসি আর্লি এডুকেশন সেন্টার, আর্লিলার্ন এনওয়াইসি প্রদানকারীবৃন্দ, এবং ডিওই প্রি-কে সেন্টার)ডিওই আর্লি চাইল্ডহুড সোশ্যাল ওয়ার্কার টিমের সাথে ইমেইলে prekfamilyengagement@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করা উচিত
- আর্লিলার্ন এনওয়াইসি প্রদানকারীগণ, মেন্টাল হেলথ্ পরামর্শক যারা শিক্ষকদেরকে কোন শিক্ষার্থীর সামাজিক এবং আবেগজনিত চাহিদা পূরণে ব্যক্তিক পরিকল্পনা তৈরি করার ক্ষেত্রে পর্যবেক্ষণ, গাইডেন্স এবং সহায়তা প্রদান করেন তাদের সাথের পার্টনারশিপ সুযোগটি ব্যবহার করতে পারেন।

- জন্ম থেকে ৩ বছর বয়সী শিশুদের সম্পর্কে যদি কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে টেইজা সুডোল-এর সাথে teija.sudol@acs.nyc.gov ঠিকানায় অথবা 212-393-5029 নম্বরে যোগাযোগ করুন।

## ইতিবাচক আচরণ সংক্রান্ত গাইডেন্স কৌশল

### 1. ইতিবাচক আচরণবৃদ্ধিতে সক্রিয় ব্যবস্থাগ্রহণ

বেড়ে ওঠার বিভিন্ন স্তরে শিক্ষার্থীরা আর্লি চাইল্ডহুড কর্মসূচিতে প্রবেশ করে। এই বয়সের শিক্ষার্থী গ্রুপে যা "স্বাভাবিক" বিবেচিত হয় সেইসব আচরণ এবং দক্ষতার বিভিন্ন পরিসর আছে। প্রত্যেক শিক্ষার্থী অনন্য এবং তাদের ব্যক্তিক চাহিদার আবশ্যিকতা রয়েছে যা ব্যক্তিত্ব, ক্ষমতা ইত্যাদির উপর নির্ভর করে। এইসব গুরুত্বপূর্ণ বিষয় অবশ্যই কর্মসূচি চলাকালের সকল ক্ষেত্রে শিক্ষার্থীদের শিক্ষণ এবং বেড়ে ওঠায় বিবেচনায় নিতে হবে। প্রত্যেক শিক্ষার্থীর সামাজিক-মানসিক এবং অন্য দক্ষতা বৃদ্ধি যা তার পাঠ্যক্রম এবং পুরোভাবে তার কর্মসূচিতে সংশ্লিষ্ট হবার ক্ষমতাকে প্রভাবিত করে তার সহায়তায়, প্রি-কে ফর অল এবং আর্লিলার্ন এনওয়াইসি কর্মসূচির সক্রিয়, উন্নয়নশীলভাবে যথাযথ আচরণের গাইডেন্স কৌশল যেমন নিচে বর্ণিত আছে তেমনটি তৈরি এবং বাস্তবায়ন আবশ্যক।

- মর্যাদাপূর্ণ, যত্নশীল সম্পর্ক
- নমনীয় এবং উত্তরপ্রদানমূলক শিক্ষকতা
- বাস্তব পরিবেশ এবং কর্মকাণ্ড
- সুস্পষ্ট প্রত্যাশা
- ক্রমবর্ধমানভাবে যথাযথ শিক্ষা-নির্দেশনামূলক কৌশল
- উত্তরণ

- স্কুল কর্মী,শিক্ষার্থী এবং পরিবারের মধ্যে মর্যাদাপূর্ণ, যত্নশীল সম্পর্ক স্থাপন
  - সকল শিক্ষার্থী শিক্ষণে যোগ্য এবং অগ্রগতি সাধন করছে এই নীতির উপর যোগাযোগ এবং কাজ করুন।
  - সর্বদা প্রশংসাপূর্ণ এবং ইতিবাচক ভাষা ও স্বর ব্যবহার করুন, এবং কর্মসূচিতে প্রাপ্তবয়স্করা একে অপরের সাথে এবং শিক্ষার্থীদের সাথেও ইতিবাচক আচরণ করে সেবিষয়টি নিশ্চিত করুন।
  - শিক্ষার্থীদের আবেগজনিত অনুভূতির মূল্য দিন এবং প্রয়োজন হলে তাদেরকে শান্তনা ও সহায়তা দিন।
  - ক্লাসরুম পরিবেশে পরিবারগুলোকে খোলাখুলি আমন্ত্রণ জানান এবং পরিবার ও শিক্ষকদের মাঝে প্রতিদিন
    দ্বি-পাক্ষিক যোগাযোগ বাড়িয়ে তুলুন।
  - নির্ভরযোগ্য মূল্যায়ন সিস্টেম বাস্তবায়ন এবং পরিবারের সাথে নিয়মিত আলোচনার মাধ্যমে প্রত্যেক শিক্ষার্থীর দক্ষতা, আগ্রহ, এবং চাহিদা সম্পর্কিত জ্ঞান গভীরতর করুন।
  - শিক্ষার্থীদের সমৃদ্ধ ঐতিহ্য, সংস্কৃতি, এবং ভাষাগত বৈচিত্রের স্বীকৃতি এবং মর্যাদা দিন এবং এইসব চাহিদা পূরণে আপনার অনুশীলনীসমূহ খাপখাইয়ে নিন।

- পাঠ্যক্র প্রণয়নে শিক্ষার্থীদের দক্ষতা, আগ্রহ, এবং উন্নয়ন চাহিদা সম্পর্কে নমনীয় এবং অভিমত প্রদানের সুযোগ রাখুন।
  - শিক্ষার্থী-প্রচেষ্টা এবং শিক্ষক-সহায়ক কর্মকাণ্ডের জন্য দিনের কাজের প্রবাহে/প্রতিদিনের সময়সূচিতে পর্যাপ্ত সময় রাখুন।
  - শিক্ষার্থী-প্রচেষ্টার দিনের সময়ে, তাদেরকে নিজে নিজে বেছে নেবার সুযোগ দিন এবং বিভিন্ন ক্লাসরুম সেন্টার, শিক্ষণ সামগ্রী, এবং সঙ্গী নিয়ে, উৎসাহব্যাঞ্জক লক্ষ্য নির্ভর খেলায় সংশ্লিষ্ট রাখুন।
  - চাহিদা পূরণ করার পাশাপাশি শিক্ষার্থীর সামর্থ এবং আগ্রহের ভিত্তিতে লেসন এবং বিভিন্ন কর্মকাণ্ড তৈরিতে নির্ভরযোগ্য মূল্যায়ন থেকে সংগৃহীত তথ্য ব্যবহার করুন।
  - শিক্ষা-নির্দেশনার কর্মকাণ্ডে শিক্ষার্থীর চিন্তা-ভাবনা সম্পৃক্ত করে তার সক্রিয় অংশগ্রহণে সহায়তা দিন এবং শিক্ষণের জন্য তাদের কথাবলা এবং ধ্যান-ধারণা শেয়ার করায় উৎসাহ দিন।
  - শিক্ষার্থীরা ছোট-গ্রুপ এবং পূর্ণ-গ্রুপভুক্ত শিক্ষণ অভিজ্ঞতা লাভের সময় কে কীভাবে এবং কোথায় বসবে, দাঁড়াবে, অথবা হাঁটবে সেসব বেছে নেয়ায় তাদের চলাফেরার স্বাধীনতা দিন, যদি না তা অন্য শিক্ষার্থীদের শিক্ষণ অথবা অনুভূতির ব্যাঘাত না ঘটায়। কোন কর্মকাণ্ডের সময় তাদের বসে থাকার প্রত্যাশিত সময় একেক বারে সংক্ষিপ্ত পিরিয়ডে আনুমানিক ১০-১৫ করে বেঁধে দিন।

- পূর্ণ-গ্রুপ শিক্ষা-নির্দেশনার পিরিয়ডে শিক্ষার্থীরা যদি সংশ্লিষ্ট হয়নি এমন মনে হয়, সেক্ষেত্রে নিচের বিষয়গুলো বিবেচনা করুন:
  - পুনরায় পূর্ণ-গ্রুপ অপসারণ করা।
  - শিক্ষার্থী অংশগ্রহণ বৃদ্ধি
  - কর্মকাণ্ড সংক্ষিপ্তকরণ অথবা পরিবর্তন।
  - পূর্ণ-গ্রুপ কর্মকাণ্ডের পুনরাবৃত্তি কমানো।

- এমন উপায়ে **বাস্তব পরিবেশ এবং কর্মকাণ্ডের** তত্ত্বাবধান করুন যা শিক্ষার্থীর শিক্ষণ, সামাজিক এবং আবেগজনিত দক্ষতা, এবং ইতিবাচক আচরণগত দৃষ্টিভঙ্গির উন্নতি সাধন করে।
  - এমন পরিবেশ তৈরি করুন যাতে শিক্ষার্থীরা শেয়ারকৃত স্থান সহযোগিতামূলকভাবে ব্যবহারের সুযোগ পায়।
    - ক্লাসরুম সেন্টারগুলোতে বিচিত্র সরঞ্জাম রাখুন যা ক্লাসরুমে শিক্ষার্থীদের বিভিন্ন দক্ষতা, আগ্রহ, এবং ক্ষমতার সাথে মানানসই। যথাযথ পরিমাণ বিভিন্ন সরঞ্জাম রয়েছে সেবিষয়টি নিশ্চিত করুন এবং শিক্ষার্থীরা যাতে সেসব সরঞ্জাম স্বাধীনভাবে ব্যবহার করতে পারে। সকল শিক্ষার্থীর ক্লাসরুম সরঞ্জামের জন্য প্রতিযোগিতা অথবা প্রাপ্তবয়স্কদের সহায়তা ছাড়া অংশগ্রহণের সুযোগ থাকা উচিত।
    - কোন নির্দিষ্ট সময়ে একটি স্থান ব্যবহারের জন্য শিক্ষার্থী সংখ্যার জন্য যাতে ক্লাসরুমের প্রতিটি স্থানে পর্যাপ্ত জায়গা থাকে সেবিষয়টি নিশ্চিত করুন।
  - স্কুলের সময়ে শিক্ষার্থীরা যেন অন্যদের প্রতি এবং তাদের পরিবেশে ক্লাস সরঞ্জাম ব্যবহারে তাদের আচরণগত প্রত্যাশা বুঝতে সহায়তা লাভ করে সেজন্যে ভিজ্যুয়াল ডিসপ্লে(যেমন স্বাধীনভাবে বিভিন্ন সরঞ্জাম)ব্যবহার করুন।
    - টুলস্ অব অটোনমি(স্বাধীনভাবে ব্যবহারের সরঞ্জাম) বলতে ক্লাসরুমে সেইসব সহায়তা বোঝায় যা কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের মধ্যে স্বাধীনতা এবং স্ব-নির্ভরতা গড়ে তোলে। এগুলির মধ্যে আছে সেন্টার সিস্টেমস্ অথবা পছন্দ বাছাইয়ের চার্ট(যা শিক্ষার্থীরা তাদের আগ্রহের বিষয় নির্ধারণে ব্যবহার করে), দিনের অগ্রগতির প্রদর্শনযোগ্য সামগ্রী(যা ছবি এবং শব্দ দিয়ে অনুমানযোগ্য ঘটনা প্রবাহ প্রতিষ্ঠিত করে), ইন্টারঅ্যাকটিভ উপস্থিতির চার্ট, এবং কাজের চার্ট(যা শিক্ষার্থীদেরকে মডেলিং এবং শিক্ষক সহায়তায় বিভিন্ন রুটিন কাজে পালাক্রমে অংশ নেবার সুযোগ দেয়।
    - ভিজ্যুয়াল ডিসপ্লের অন্য উদহরণগুলোর অন্তর্ভুক্ত সেন্টার এবং রিসোর্স সংগঠনের জন্য লেবেলের ব্যবহার(বাছাইয়ের জন্য শিক্ষার্থীদেরকে সহায়তা প্রদান অথবা ব্যবহারের পরে সরঞ্জাম ফেরতদান), অথবা এমন কোন ছবি যা নির্দিষ্ট কোন আচরণ প্রত্যাশার কথা মনে করিয়ে দেয়(যেমন একটি মুখ যা শিক্ষার্থীদেরকে ঘরের মধ্যে নিচু স্বর ব্যবহারের কথা মনে করিয়ে দেয়)।
  - নির্জন কর্মকাণ্ডের জন্য একটি আরামদায়ক স্থান তৈরি করুন, অথবা গোপনীয়তা এবং ধীর-স্থিরভাবে কাজের জন্য শিক্ষার্থীদেরকে একটি উপায় বের করে দিন।
  - নতুন কোন কর্মকাণ্ডে শিক্ষার্থীরা যখন সংশ্লিষ্ট হয় অতিরিক্ত সহায়তা, মনোযোগ, এবং মডেলিং সুবিধা প্রদান করুন এবং পর্যায়ক্রমে নতুন সরঞ্জাম ব্যবহার করুন এবং শিক্ষার্থীরা যাতে অপ্রস্তুত না হয় তেমনভাবে সরঞ্জাম ম্যানেজ করুন।
  - ক্লাসরুমে যেকোন ধরনের সমস্যাজড়িত আচরণের উদ্ভব হতে পারে সেকথা ভেবে প্রতিনিয়ত খেয়াল রাখুন, অথবা "পর্যবেক্ষণ," করুন, এবং এসব যাতে বৃদ্ধি না পায় সেজন্যে সক্রিয়ভাবে হস্তক্ষেপ করুন।

- যেসব শিক্ষার্থী **স্বাধীন এবং স্ব-নিয়ন্ত্রিতদক্ষতা** অর্জনের চেষ্টা করে এবং সতীর্থ ও প্রাপ্তবয়স্কদের সাথে মর্যাদাপূর্ণ আচরণে সংশ্লিষ্ট হয় তাদের জন্য প্রত্যাশার স্পষ্ট ধারণা দিন।
  - বছরের শুরুতে, শিক্ষার্থীদেরকে ক্লাসরুমে আচরণগত প্রত্যাশার একটি সেট তৈরিতে অংশগ্রহণের জন্য উৎসাহিত করুন।
    - প্রত্যাশা অনুযায়ী আচরণের সেট স্পষ্টভাবে প্রতিষ্ঠা এবং সংজ্ঞায়িত করতে ইতিবাচক ভাষা ব্যবহার করুন(যেমন "অন্যদের খেলনা কেড়ে নিও না" পরিবর্তে "আমরা বন্ধুদের সাথে খেলনা শেয়ার করি")।

        - সাধারণভাবে, আচরণ প্রত্যাশার নিয়ম সৃষ্টিতে নেতিবাচক ভাষার ব্যবহার বাদ দেয়া উচিত। খুব কমক্ষেত্রেই, নেতিবাচক ভাষার ব্যবহার যেমন "না" অথবা "থামো" একজন শিক্ষার্থীকে জরুরি পরিস্থিতিতে নিরাপদ রাখার জন্য উপযুক্ত হতে পারে।
    - খোলাখুলিভাবে শিক্ষার্থীদেরকে ক্লাসরুমের বিভিন্ন স্থান/সেন্টার কীভাবে ব্যবহার করতে এবং সেগুলির মধ্য দিয়ে কেমন করে চলাফেরা করতে হয়, কীভাবে মর্যাদাপূর্ণভাবে তাদের সরঞ্জাম ব্যবহার এবং পরিবেশে আচরণ করতে হয় সেগুলি শেখান এবং প্রায়শই তাদেরকে ক্লাসরুম প্রত্যাশার কথা মনে করিয়ে দিন বিশেষভাবে বছরের শুরুতে অথবা একটি থেকে অন্য কর্মকাণ্ডে যাওয়ার আগে।
    - বছরব্যাপী, সতীর্থদের সাথে আচার-আচরণে শিক্ষার্থীদেরকে স্পষ্ট এবং অব্যাহতভাবে গাইড করুন, যাতে তারা আচরণগত প্রত্যাশার ব্যাপারটি, তাদের পছন্দের কারণে যে অভিঘাত সৃষ্টি হয় তা বুঝতে পারে, এবং দ্বন্দ্ব নিরসনের কৌশল প্র্যাকটিস করার সুযোগ লাভ করে।

- উন্নতশীলভাবে উপযুক্ত শিক্ষানির্দেশনার কৌশল ব্যবহার করুন যাতে একটি ইতিবাচক ক্লাসরুম সংস্কৃতি গড়ে তোলা যায়, শিক্ষার্থীরা যাতে অর্থপূর্ণ সম্পর্ক স্থাপনে সহায়তা লাভ করে, এবং প্রাপ্তবয়স্ক ও অন্য শিক্ষার্থীদের সাথে অর্থবহ কর্মকাণ্ডে সংশ্লিষ্ট হতে উদ্দীপ্ত এবং উৎসাহিত বোধ করে।
    - মর্যাদাপূর্ণ এবং যত্নশীল আচরণের মডেল তৈরির মাধ্যমে শিক্ষার্থীরা যাতে স্ব-নিয়ন্ত্রিত দক্ষতা এবং ইতিবাচক সম্পর্ক গড়ে তোলে সেব্যাপারে তাদের সহায়তা করুন।
    - এই রকম আচরণের মডেল তৈরির সময়, শিক্ষকগণ তাদের কর্মকাণ্ড এবং শিক্ষার্থীদের কর্মকাণ্ডের বর্ণনা বা বিবরণ দিতে নিজে নিজে এবং সমান্তরাল কথার ব্যবহার করে:
        - চিন্তা এবং কাজের বিবেচিত উপায়ের ব্যাখ্যাদানে (যেমন "আমি দেখছি তোমার কোন ম্যাগনিফায়িইং গ্লাস নেই কিন্তু মনে হচ্ছে তুমি কোন সায়েন্স কর্মকাণ্ডে যোগ দিতে যাচ্ছো। তুমি কি চাও, বাড়তি একটি পেতে আমি তোমাকে সাহায্য করি?"
        - আবেগজনিত নিয়মের ব্যাখ্যা দিতে(যেমন "হুমম, এইমাত্র তুমি আমার কাছ থেকে মার্কারগুলি নিয়েছো এবং তাতে আমার খারাপ লেগেছে, এখন আমার কী করা উচিত? ওগুলি কি আমার কেড়ে নেয়া উচিত অথবা ফিরিয়ে দেবার জন্য তোমাকে অনুরোধ জানানো উচিত?")
    - কিছু নির্দিষ্ট আচরণের প্রভাব সম্পর্কে চিন্তার বিষয়ে শিক্ষার্থীদের সংশ্লিষ্ট করতে এবং তাদের আবেগেজনিত সহমর্মিতা এবং উপলব্ধি বৃদ্ধিতে গল্প-বলা, সাহিত্য, পুতুল নাচ ইত্যাদির ব্যবহার করুন।
    - শিক্ষার্থীদেরকে সমস্যা-সমাধানের আলোচনায় নিয়মিত সংশ্লিষ্ট করুন এবং তারা দ্বন্দ্ব নিরসনে একে অপরের সাথে কথা বলে সেই প্রত্যাশা গড়ে তুলুন।

- দিনের শুরুতে এবং শেষে উত্তরণব্যবস্থাপনার সফল পরিকল্পনা করুন, সেটি কর্মকাণ্ডের মাঝে, কর্মসূচির ভিতরে এবং বাইরে, এবং যখন স্পেশাল এডুকেশন পরিসেবা অথবা স্পেশালিস্ট কর্মকাণ্ডের(যখন প্রযোজ্য) শুরু বা শেষ হয় তখন করা যেতে পারে।
    - বড় ধরনের উত্তরণের আগে শিক্ষার্থীদেরকে মনে করিয়ে দিন যাতে তারা যা করছে সেটি শেষ করার সময় পায় এবং পরবর্তী কর্মকাণ্ডে জন্য প্রস্তুতি নিতে পারে।
    - গান গেয়ে, ছন্দ মেলানো শব্দ অথবা নাম উচ্চারণ করে, অথবা পরবর্তী পরিস্থিতিতে প্রত্যাশিত আচরণ কী হবে সেসব আলোচনা করে উত্তরণ অথবা অপেক্ষার সময়টিকে আনন্দময় করে তুলুন। এতে শিক্ষার্থীরা শিক্ষণে সংশ্লিষ্ট থাকবে এবং পরবর্তী পরিস্থিতির জন্য প্রস্তুত হবে।
    - দিনের সকল সময়ে সর্বোচ্চ সক্রিয় শিক্ষার্থী সংশ্লিষ্টতার জন্য উত্তরণের সময়ে অপেক্ষার সময় সর্বনিম্ন করার প্রচেষ্টা চালান।
        - উদাহরণ হিশেবে, বাথরুম রুটিনের সময় ক্ষুদ্র শিক্ষার্থী গ্রুপ করে তাদের পালাক্রমে বাথরুমে যেতে দিন যাতে তারা লাইনে বেশিক্ষণ অপেক্ষা না করে ফলপ্রসু শিক্ষণ কর্মকাণ্ডে বেশি সময় দিতে পারে।

## 2. ইতিবাচক আচরণবৃদ্ধিতে সক্রিয় ব্যবস্থাগ্রহণ

ইতিবাচক আচরণ বৃদ্ধিকে ইতিবাচক জোরদার স্বীকৃতি দেয় এবং উৎসাহিত করে। শিক্ষার্থীদের প্রচেষ্টাকে উৎসাহদানে এটি জানানো গুরুত্বপূর্ণ যে তারা প্রত্যাশিত নতুন দক্ষতা অর্জনের পথে অগ্রগতি সাধন করছে। ইতিবাচর জোরদার বিভিন্ন উপায়ে করা যেতে পারে, এবং তা প্রত্যেক শিক্ষার্থীর চাহিদা অনুযায়ী মানানসই করা হতে পারে। যেসকল শিক্ষার্থী নতুন এবং অধিক জটিল আচরণ প্রদর্শন করে তাদের জন্য বাড়তি জোরদার ব্যবস্থার প্রয়োজন হতে পারে।

ইতিবাচক আচরণ জোরদারের উন্নয়নশীল উপযুক্ত বিভিন্ন উপায়ের উদাহরণের মধ্যে আছে:

- সামাজিক জোরদারের ব্যবহার যেমন প্রশংসা, হাসি, উৎসাহ, অথবা এমন কী একটি সময় উপযুক্ত হাই-ফাইভ বা থামস্ আপ।
    - প্রশংসা উত্তর প্রদানের মাধ্যমে নির্দিষ্ট হওয়া উচিত, বিশেষ করে আচরণটি যখন শিক্ষার্থীর জন্য অপেক্ষাকৃত নতুন(যেমন "তুমি তোমার বন্ধুর সাথে খেলনাগুলো শেয়ার করে খুব ভালো করেছো। সে বেশ খুশি যে তাকে তুমি খেলায় নিয়েছো")। সাধারণ যেসব অভিমত আছে সেগুলি বাদ দিন (যেমন "ভালো করেছো")।
    - যেসব আচরণ স্পষ্টভাবে উৎসাহিত করা হয় সেগুলির জন্য একটি হাই-ফাইভ অথবা থমস্ আপ উপযুক্ত সংকেতপূর্ণ জোরদার (যেমন শিক্ষার্থীটি শেয়ার করার কথা ভাবছে এবং আপনি দেখছেন যে, তারা রুমের সব জায়গায় তাদের খেলনা শেয়ার করছে। আপনি তাদের দৃষ্টি আকর্ষণ করুন এবং ইতিবাচক আচরণের পর অতিসত্বর একটি থামস্ আপ সংকেত দিন)।
- প্রত্যাশিত ইতিবাচক আচরণের জন্য পুরস্কার হিশেবে কর্মকাণ্ডের মাধ্যমে জোরদারের ব্যবহার, যেমন একটি গান বেছে নিতে সক্ষম হওয়া অথবা কোন গ্রুপ অথবা সেন্টারের জন্য একটি কর্মকাণ্ড।
    - শিক্ষণের জন্য শিক্ষার্থীদের আগ্রহ অথবা চিন্তা-ভাবনার দিকে খেয়াল রেখে পাঠ্যক্রমে কিছু স্থান থাকবে। কর্মসূচিতে ইতিবাচক জোরদার অন্তর্ভুক্ত করার যৌক্তিক উপায়ই এইসব জোরদারকরণ।

## 3. ইতিবাচক আচরণবৃদ্ধিতে সক্রিয় ব্যবস্থাগ্রহণ

প্রি-কে ফর অল এবং আর্লিলার্ন এনওয়াইসি কর্মসূচিগুলো ঐসব কৌশল তৈরি এবং বাস্তবায়নের জন্য আবশ্যিক যা অন্য শিক্ষার্থীদের শিক্ষণে ব্যাঘাত ঘটায় অথবা যা ঐ শিক্ষার্থীর এবং/অথবা অন্যদের জন্য নিরাপদ নয় সেই ধরনের আচরণকে সংশোধন করে। এটি ঐসব আচরণের জন্য প্রযোজ্য নয় যা শিক্ষণের নতুন বাস্তব দক্ষতা অর্জনে ইচ্ছাকৃত ঝুঁকি-গ্রহণে উপযুক্ত যেমন স্থূল-চালনার কর্মকাণ্ডে কোন প্রাপ্তবয়স্কের সহায়াত এবং তত্ত্বধানে ভারসাম্য রক্ষার অনুশীলনে কোন বিমে হাঁটা অথবা দড়ির মইয়ে চড়া। শিক্ষার্থীর ইতিবাচক আচরণ প্রদর্শনের সমাধান তৈরির সহায়তায় অথবা সর্বদা এবং বিভিন্ন প্রেক্ষাপটে উপযুক্ত বিকল্প আচরণের অনুশীলনে শিক্ষকগণ শিক্ষার্থীর পরিবারের সাথে সহযোগিতা করবে। কৌশল এবং অগ্রগতি সম্পর্কিত তথ্য বিনিময়ের জন্য ইতিবাচক আচরণের গাইডেন্স প্রক্রিয়াকালে কর্মসূচিগুলোর পরিবারের সাথে যোগাযোগ করা উচিত। যথাযথ আচরণে শিক্ষার্থীদের গাইড করার সকল কৌশল শিক্ষার্থীদের সামাজিক এবং মানসিক উন্নতি ও শিক্ষণ পদ্ধতির সহায়তায় একটি শ্বান্ত, সংগতিপূর্ণ, এবং শাস্তিমূলক নয় এমন পথে বাস্তবায়ন করা উচিত।

- আবদান রাখার উপাদানসমূহ বোঝা
- বেছে নেয়ার সুযোগ প্রদান
- দিক-নির্দেশনার পরিবর্তন অথবা গ্রহণযোগ্য বিকল্প প্রদান
- শিক্ষার্থীর নিরাপত্তাবোধ, স্ব-পরিচালন ক্ষমতা এবং সন্তোষজনক দক্ষতার সহায়তায়
- নেতিবাচক মনোযোগ সীমিতকরণ
- যৌক্তিক পরিণতি
- অপসারণ/বিকল্প আচরণ
- কর্মসূচির কাঠামোতে পরিবর্তন
- বাড়তি সহায়তা

- কোন শিক্ষার্থীর আচরণে যেসব বিষয় অবদান রাখে সেগুলি আরও ভালোভাবে বোঝার জন্য **কর্মসূচির কর্মী সদস্যগণপরিবার এবং অন্যদের সাথে একযোগে কাজ করবে।** প্রশ্ন করুন: "এই আচরণ প্রদর্শনের সময় শিক্ষার্থী কী বোঝানোর চেষ্টা করছে?" যেসব জিনিস একজন শিক্ষার্থীর আচরণে অবদান রাখে তার মধ্যে আছে:
  - কর্মসূচির কাঠামো অথবা অবস্থা যেমন দিনের চলমান কর্মকাণ্ড/দৈনিক সূচি, ক্লাসরুম ব্যবস্থা, কোলাহলের স্তর ইত্যাদি।
  - ক্লাসরুমে শিক্ষার্থীর নিরাপত্তা বোধ অথবা প্রাপ্ত বয়স্ক বা সহপাঠীদের সাথে তার সম্পর্কের অবস্থা।
  - শিক্ষার্থীর অনন্য পরিস্থিতি। উদাহরণস্বরূপ:
    - সামাজিক মেলামেশার জন্য শিক্ষার্থী এখনও উপযুক্ত আচরণ শেখেনি এবং হতে পারে জিজ্ঞেস না করে কারো খেলনা কেড়ে নিচ্ছে অথবা রাগ হলে কাউকে আঘাত করছে।
    - শিক্ষার্থী বাড়িতে কোন উত্তরণের মধ্য দিয়ে যাচ্ছে এবং তার ফলশ্রুতিতে মানসিক চাপে রয়েছে(যেমন পরিবারে কোন নতুন শিশুর কারণে) অথবা মর্মাঘাত প্রাপ্ত।
  - সবসময় শিক্ষার্থীর আচরণ পর্যবেক্ষণ এবং সেগুলি নথিভুক্ত করে, শিক্ষকগণ যেসব পরিস্থিতিতে এই বিঘ্নসৃষ্টিকারী অবস্থা তৈরি হয়ে সেগুলি শনাক্ত করতে পারেন এবং কোন সব বিষয় এই ধরনের আচরণের জন্য দায়ী তা নির্ধারণ করতেও পারেন।
    - পর্যবেক্ষণের একটি সাইকেল তৈরি(প্রমাণ সংগ্রহ এবং তা নোট করে রাখা), পরিকল্পনা গ্রহণ(প্রমাণসমূহের বিশ্লেষণ এবং আপনার অনুশীলনের তথ্যে তার ব্যবহার), বাস্তবায়ন(আপনার অনুশীলনে অথবা কর্মসূচিতে এই পরিকল্পিত পরিবর্তন আনা), বিশ্লেষণ(ফলাফল পর্যালোচনা), এবং সংশোধন(প্রয়োজনে উন্নতিসাধন)-এসব আচরণজনিত গাইডেন্সের যেকোন সমাধানে ব্যবহার করা উচিত।
    - নির্ভরযোগ্য মূল্যায়ন পদ্ধতি বাস্তবায়নের মাধ্যমে কর্মসূচিগুলিতে ইতোমধ্যে মূল্যায়ন এবং পরিকল্পনার সাইকেলসমূহ ব্যবহৃত হচ্ছে এবং ইতিবাচক আচরণের গাইডেন্স পরিকল্পনায়ও তা ব্যবহার করা যেতে পারে।

যেসব বিষয় এতে অবদান রাখে সেগুলির উপর নির্ভর করে, অনিরাপদ অথবা বিঘ্নসৃষ্টিকারী আচরণের সমাধানে কিছু কৌশলের মধ্যে আছে:

- **বেছে নেয়ার সুযোগ প্রদানের** মাধ্যমে শিক্ষার্থীরা তাদের নিজেদের আচরণের উপর নিয়ন্ত্রণের সুযোগ পায় যেমন কোন্ খেলনাগুলি সরিয়ে রাখতে হবে সেটি বেছে নেয়ার অথবা লাঞ্চ টেবিলে কোথায় বসতে হবে।

- **দিক-নির্দেশনার পরিবর্তন অথবা গ্রহণযোগ্য বিকল্প প্রদান** এটি শিক্ষার্থীদেরকে তাদের আচরণের বিকল্পসমূহ শনাক্তকরণে সহায়তা প্রদান করে, যেমন যখন কোন শিক্ষক দেখে একটি কর্মকাণ্ডের টেবিলে অনেক বেশি শিক্ষার্থী এবং তাদের পালার জন্য অপেক্ষাকালে কোন একজন শিক্ষার্থীকে পরামর্শ দেয় অন্য একটি কর্মকাণ্ডে সংশ্লিষ্ট হতে।

- **শিক্ষার্থীর নিরাপত্তাবোধ, স্ব-পরিচালন ক্ষমতা** এবং সন্তোষজনক দক্ষতার সহায়তা গড়ে তোলা।
  - কর্মসূচিতে শিক্ষার্থীর সহপাঠী এবং অন্য প্রাপ্তবয়স্কদের সাথে তার সম্পর্ক শক্তিশালী করতে কর্মীগণ শিক্ষার্থী এবং পরিবারের সাথে সহযোগিতা করতে পারে।
  - ক্লাসরুমে আরও স্বাভাবিক বোধ করার লক্ষ্যে কোন "নিরাপত্তা সামগ্রী" (যেমন কম্বল, টেডি বেয়ার) আনতে শিক্ষার্থীকে উৎসাহিত করা হতে পারে।
  - শিক্ষার্থীকে তার ক্রোধ অথবা মন খারাপ বোধ নিরসনের জন্য ক্লাসের নির্জন স্থান ব্যবহারে উৎসাহিত করা অথবা আলাদা নিজস্ব জায়গার ব্যবস্থা করা হতে পারে।
  - তাকে শ্বাস-প্রশ্বাসের টেকনিক প্রয়োগের প্র্যাকটিসে উৎসাহিত করা হতে, পানি পান করতে, অথবা অন্য কোন কৌশল ব্যবহারের সুযোগ দেয়া যেতে পারে যা তার নেতিবাচক ফিজিওলজিক্যাল করণের সাথে সম্পৃক্ত আবেগ নিয়ন্ত্রণে সহায়ক হতে পারে।
  - ইন্দ্রিয়জনিত সামগ্রী অথবা সরঞ্জাম ব্যবহারের মাধ্যমে নিজেকে শান্ত করায় শিক্ষার্থীকে উৎসাহিত করা হতে পারে যেমন বালি অথবা পানি নিয়ে খেলা, অথবা এমন অন্য কোন কর্মকাণ্ড যা তার ইন্দ্রিয়কে শান্ত করে।

- নেতিবাচক মনোযোগ যা শিক্ষার্থীদেরকে দেয়া হয় **তার পরিমাণ সীমিতকরণ –** যেমন বিঘ্নসৃষ্টিকারী নয় এমন অনুপযুক্ত আচরণ অগ্রাহ্য করে ইতিবাচক আচরণে অভিনিবেশ।
    - শিক্ষকগণ বিঘ্নসৃষ্টি করে না এমন আচরণ অগ্রাহ্য করতে এবং শিক্ষার্থীদের অভিনিবেশ অন্য একটি শিক্ষণ কর্মকাণ্ডে অব্যাহত রাখতে পারেন। ইতিবাচক মনোযোগ দিয়েই ইতিবাচক আচরণ জোরদার করতে হবে।
    - সক্রিয়ভাবে কোন শিক্ষার্থীর আচরণ অগ্রাহ্যের কৌশল বিচ্ছিন্নভাবে ব্যবহৃত হওয়া উচিত নয় অথবা এমন পর্যায়েও হওয়া উচিত নয় যা শিক্ষার্থীর কল্যাণের জন্য ক্ষতিকর। এই কৌশল সেই প্রত্যাশার পরিবর্তন করে না যা পাঠ্যক্রমের সকল শিক্ষার্থীকে শিক্ষক এবং কর্মসূচির কর্মীদের সক্রিয়ভাবে সংশ্লিষ্ট রাখে এবং কর্মসূচিতে তাদের অংশগ্রহণ উৎসাহিত করে।

- **যৌক্তিক পরিণাম বাস্তবায়ন**, যেখানে অনিরাপদ অথবা বিঘ্নসৃষ্টিকারী আচরণের সরাসরি জবাবদানের কারণে একজন শিক্ষার্থীর কোন কর্মকাণ্ড অথবা সহায়-সংস্থান সুবিধা বিধি-নিষেধ আরোপিত।
    - পরিণাম কতটা গুরুতর সেটির উপযুক্ততা এবং প্রাসঙ্গিকতা(যেমন পানির টেবিলে থাকার যোগ্যতা কারণ তারা অন্য শিক্ষার্থীদের ভিজিয়ে দেয়া অব্যাহত রেখেছে)।
    - এই কৌশল দিক-নির্দেশনার পরিবর্তন অথবা গ্রহণযোগ্য বিকল্প ব্যবহারের সাথেও করা যেতে পারে।
    - এই কৌশল সীমিত সময়ের জন্য শিক্ষার্থীকে একটি নির্জন স্থান ব্যবহারে উৎসাহ প্রদানের সাথেও হতে পারে।

- যথাযথ অপসারণ অথবা বিকল্প আচরণ গড়ে তোলায় সহায়তা ।
    - কর্মসূচির দর্শন এবং শিক্ষার্থী ও পরিবারের অনন্য চাহিদার ভিত্তিতে শিক্ষকগণ ভিন্ন কৌশলও ব্যবহার করতে পারেন। কর্মসূচি এবং পরিবারের জন্য একটি সম্ভাব্য কৌশল নিচে উল্লেখ করা হলো:
        1. কোন সিদ্ধান্ত না দিয়ে, প্রকৃত সত্যটি বিবৃত করার লক্ষ্যে যেকোন অনুপযুক্ত আচরণ শনাক্ত করুন।
        2. শিক্ষার্থীর নিজের এবং অন্যদের উপর আচরণের অভিঘাত সম্পর্কে শান্তভাবে আলোচনা করুন।
        3. যেসব বিষয় এই আচরণের সঙ্গে সম্পৃক্ত সেগুলি শিক্ষার্থীকে শনাক্ত করতে সহায়তা করুন এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে যথাযথ বিকল্প আচরণ অথবা উপায়ের পরামর্শ দিন।
        4. শিক্ষার্থীর প্রয়োজন হতে পারে এমন কোন সহায়তা দিয়ে শিক্ষার্থীর সাথে উপযুক্ত বিকল্প আচরণ প্রদর্শনের কৌশল তৈরি করুন (যেমন, বিকল্প আচরণের ব্যবহার যা শিক্ষার্থীকে মনে করিয়ে দেয়ায় সহায়ক এমন কোন বাক্যাংশ অথবা ভিজ্যুয়াল ইঙ্গিত যেটি সম্পর্কে শিক্ষক এবং শিক্ষার্থী উভয়ে একমত)।
        5. এই প্রক্রিয়ার সময়ে শিক্ষার্থীর পরিবারের সাথে সহযোগিতা করুন।
        6. শিক্ষার্থী যখন সময়ের সাথে সাথে অগ্রগতি সাধন করে তখন তার প্রশংসা করুন।

- কর্মসূচির কাঠামো সংশোধন যথাযথ।
    - শিক্ষকগণ তাদের দৈনিক সময়সূচি পরিবর্তন করতে পারেন(যেমন সেন্টার-সময়ের সূচি দিনের আগে নিয়ে এসে)অথবা প্রকৃত পরিবেশ (যেমন শান্ত সেন্টারটি সরিয়ে দিয়ে এবং ক্লাসরুমের কোলাহলপূর্ণ সেন্টারগুলির একটি থেকে অপরটি দুরে স্থানান্তরিত করে)যাতে ক্লাসরুমে শিক্ষার্থীদের চাহিদা পূরণ সম্ভব হয় দিনব্যাপী তাদের হতাশা নিরসন করা যায়। এটি শিক্ষার্থী গ্রুপ অথবা ব্যক্তিক শিক্ষার্থীর জন্য কার্যকর সহায়তা হতে পারে।
    - কর্মসূচিগুলো কোন শিক্ষার্থীর স্কুল দিবস হ্রাস করতে পারে না যদি না কর্মসূচি ডিওই-র ডিভিশন অব আর্লি চাইল্ডহুড এডুকেশন থেকে অনুমোদন লাভ করে এবং শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবকের লিখিত সম্মতি পায়। নির্দিষ্টভাবে, যেকোন প্রস্তাবিত পরিবর্তন যা কোন শিক্ষার্থীকে অস্থায়ীভাবে দিনের কর্মসূচির দৈর্ঘ্য কমিয়ে কর্মসূচিতে অংশগ্রহণে পরিবর্তন আনে – সেটি অবশ্যই আপনার সন্তানের পরিবারের সহযোগিতায় আপনার কর্মসূচির দায়িত্বপ্রাপ্ত আর্লি চাইল্ডহুড সোশ্যাল ওয়ার্কার অথবা প্রোগ্রাম স্পেশালিস্টের সহায়তায় পরিকল্পিত হতে হবে। সোশ্যাল ওয়ার্কার অথবা প্রোগ্রাম স্পেশালিস্ট কর্তৃক প্রদত্ত ফরমে শুধুমাত্র শিক্ষার্থীর পিতামাতা অথবা আইনি অভিভাবকের স্বেচ্ছাকৃত লিখিত সম্মতিক্রমে এই পরিবর্তনসমূহ বাস্তবায়িত হতে পারে যেখানে বিবৃত থাকবে পরিবারের একটি পূর্ণকালীন কর্মসূচিতে অব্যাহত রাখার বিকল্প অধিকারও আছে। কোন নির্দিষ্ট

সময়রেখার ভিতর(তিন সপ্তাহের অধিক নয়)পূর্ণ অধিকারে ফিরে আসা এবং কর্মসূচিতে অংশগ্রহণে সহায়তায় যেসকল কৌশল এই কর্মসূচি ব্যবহার করবে সেগুলির উল্লেখ এই লিখিত পরিকল্পনায় অবশ্যই থাকবে। কর্মসূচিগুলো যদি এইসব প্রক্রিয়া অনুসরণ করে এবং শিক্ষার্থীর পিতামাতা অথবা আইনি অভিভাবকের সম্মতি থাকে তাহলেই শুধু শিক্ষার্থীদের সংক্ষিপ্ত সূচিতে দেয়া যাবে। সংক্ষিপ্ত সূচির জন্য পিতামাতাগণ প্রদত্ত লিখিত সম্মতি অবশ্যই ফাইলে থাকবে এবং অনুরোধক্রমে সেগুলি লভ্য হবে। কর্মসূচিগুলি সাসপেনশনের বিকল্প হিশেবে কোন শিক্ষার্থীর স্কুল দিবস সংক্ষিপ্ত করতে পারবে না।

- যেখানে শিক্ষার্থী অথবা পরিবারের কোন বৈশিষ্ট্য অথবা ধারণাকৃত বৈশিষ্ট্যের কারণে শিক্ষার্থী অথবা পরিবারের উচ্চ মানসম্পন্ন প্রি-কে-তে পূর্ণ দিবসের কর্মসূচিতে সফলভাবে সংশ্লিষ্ট হবার অধিকর সীমিত, সেখানে কর্মসূচির যেকোন কাঠামোগত পরিবর্তন অবশ্যই কোন শিক্ষার্থী অথবা পারিবারের বিরুদ্ধে বৈষম্যের কারণে হবে না।

- একজন দায়িত্বপ্রাপ্ত সোশ্যাল ওয়ার্কার অথবা প্রোগ্রাম স্পেশালিস্টের সহায়তাসহ এইসব ইতিবাচক গাইডেন্স কৌশল বাস্তবায়নের পর, কর্মসূচি এবং পরিবারের বাইরের কোন এজেন্সির **বাড়তি সহায়তাপ্রয়োজন হতে পারে।**
  - এইসব সহায়তার মধ্যে আছে, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, প্যারেন্টিং অথবা পরিবার সহায়তার ক্লাস, কর্মসূচির কর্মীদের জন্য পেশাগত শিক্ষণ সুযোগ, মনোবৈজ্ঞানিক মূল্যায়ন অথবা কমিটি অব প্রিস্কুল স্পেশাল এডুকেশন(সিপিএসই) সহযোগিতা।
  - কিছু ক্ষেত্রে, বাইরের এজেন্সিসমূহ শিক্ষার্থী অথবা পরিবারকে দ্রুত পরিসেবা প্রদানে সক্ষম নাও হতে পারে। এইসব ক্ষেত্রে, কিছুদিনের জন্য শিক্ষার্থীর সরাসরি সুপারভিশনের আবশ্যিকতা থাকতে পারে। এটি শিক্ষার্থী এবং তার সহপাঠীদের জন্য একটি নিরাপদ, যত্নশীল পরিবেশ নিশ্চিতকরণে সহায়ক হবে।
  - কোন শিক্ষার্থী যার ইতোমধ্যে আইইপি রয়েছে, তার উন্নতির সহায়তায় আইইপি-তে কোন পরিবর্তন আবশ্যক কিনা সেবিষয়টি বিবেচনা করাতে নতুন আইইপি মিটিং ডাকার বিষয়ে আলোচনা করতে শিক্ষার্থীর পিতামাতা অথবা আইনি অভিভাবক এবং সিপিএসই-র সাথে যোগাযোগ করতে হবে।
    - কোন শিক্ষার্থী যার আইইপি নেই, তার বেলায় উপরে উল্লিখিত ইতিবাচক গাইডেন্স কৌশল ব্যবহার করে অধিকাংশ ক্ষেত্রে আচরণগত সমস্যার সমাধান করা যেতে পারে। এছাড়া, যদি কোন শিক্ষার্থী প্রি-স্কুল কর্মসূচি কর্তৃক বাস্তবায়িত মধ্যস্থতার পরেও অর্থবহ অগ্রগতি না করে, সেক্ষেত্রে প্রিস্কুল স্পেশাল এডুকেশন মূল্যায়নের রেফারাল উপযুক্ত হতে পারে। এইসব ক্ষেত্রে, প্রিস্কুল স্পেশাল এডুকেশন মূল্যায়নের জন্য সিপিএসই-তে রেফারাল নিতে পিতামাতার সাথে কথা বলুন।

## কর্মসূচিসমূহের জন্য বাড়তি রিসোর্স

1. দিএনওয়াইএস প্রিকিন্ডারগার্টেন ফাউন্ডেশন ফর কমন কোর (পিকেএফসিসি) এবং দি হেড স্টার্ট চাইল্ড ডেভালাপমেন্ট অ্যান্ড আর্লি লার্নিং ফ্রেমওয়ার্ক বিবরণ দেয় শিক্ষণ এবং উন্নয়নের বিভিন্ন শাখার ভিতরের শিক্ষার্থীদের ফলাফল এবং লক্ষ্য। প্রি-কে কর্মসূচির জন্য শিশু শিক্ষার্থীদের শিক্ষণ এবং ভিতরের প্র্যাকটিসের নীতির উন্নয়নশীল উপযুক্ত প্রত্যাশার ভিত্তি এই মানদণ্ড এবং গাইডিংয়ের নীতি প্রদান করে।

2. ক্লাসরুম অ্যাসেসমেন্ট স্কোরিং সিস্টেম (সিএলএএসএস) প্রদান করে প্রি-কে ক্লাসরুম ঘিরে একটি সার্বজনীন ভাষা যা কার্যকর, এবং ইতিবাচক ইন্টারঅ্যাকশন সফল করে, এবং এটি একটি শক্তিশালী উপকরণ যা কার্যকর ইন্টারঅ্যাকশনের বিষয়ে শিক্ষকদেরকে গাইডেন্স দিয়ে সহায়তা প্রদান করে এবং এটি এই স্টেটমেন্ট অন পজিটিভ বিহেভিয়ার গাইডেন্স ইন প্রি-কে ফর অল অ্যান্ড আর্লিলার্ন এনওয়াইসি প্রোগ্রামের সাথে সমন্বিত।
   - নিউ ইয়র্ক সিটিতে প্রদত্ত রিজিওনাল ট্রেনিংসহ, সিএলএএসএস উপকরণ সম্পর্কিত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে টিচস্টোনের ওয়েবসাইট দেখুন: (http://teachstone.com/services/training/regional-training/new-york-city-regional-trainings/).

3. একটি নির্ভরযোগ্য মূল্যায়নের সিস্টেম হলো তৈরি করা মানসম্মত শিক্ষার্থী ড্যাটার একটি সংগ্রহ (যেমন শিক্ষার্থী পর্যবেক্ষণ এবং তার কাজের নমুনা) যা শিক্ষানির্দেশনার তথ্য প্রদানে উন্নতিশীল শাখাসমূহে শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপ করে। নির্ভরযোগ্য মূল্যায়নের সিস্টেম শিক্ষকদেরকে সহায়তা দেয়:
   - কৌশলগতভাবে পর্যবেক্ষণমূলক ড্যাটা এবং শিক্ষার্থীর কাজের নমুনা সংগ্রহ করতে।
   - উন্নয়নশীল এবং অব্যাহতভাবে ঐ তথ্য বিশ্লেষণে।
   - ব্যক্তিক শিক্ষার্থী এবং শিক্ষার্থী গ্রুপের চাহিদা পূরণের জন্য যে শিক্ষানির্দেশনা পরিকল্পনা তার পরবর্তী ধাপসমূহ বিবেচনা করতে।

প্রি-কে ফর অল কর্মসূচিগুলিতে উন্নয়নশীলভাবে যথাযথ, বৈধ, এবং বিশ্বাসযোগ্য সঠিক মুল্যায়ন সিস্টেম ব্যবহারের আবশ্যিকতা রয়েছে যাতে উন্নয়নশীল অগ্রগতি পর্যবেক্ষণ এবং শিক্ষানির্দেশনা পরিকল্পনা সম্ভব হয়। শিক্ষকদেরকে নির্ভরযোগ্য সঠিক মূল্যায়ন কাজে সহায়তা প্রদানে ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন অনলাইন গ্রাহক সুযোগ এবং বিভিন্ন রিসোর্স প্রদান করে। ডিওই-অনুমোদিত নির্ভরযোগ্য মূল্যায়ন সিস্টেম সম্পর্কিত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে ইমেইল prekassessment@schools.nyc.gov এবং/অথবা নিচের লিংকগুলি দেখুন।

- Work Sampling System (WSS)
- Teaching Strategies GOLD (TS GOLD)
- High Scope Child Observation Record Advantage (COR Advantage)

4. নিচের ওয়েবসাইটসমূহে ব্যবহারযোগ্য রিসোর্স রয়েছে যা শিক্ষার্থীদের সামাজিক, মানসিক এবং আচরণগত উন্নতিতে প্রি-কে এবং আর্লিলার্ন এনওয়াইসি কর্মসূচিগুলি ব্যবহার করতে পারে:
   - Center on the Social and Emotional Foundations for Early Learning
   - Technical Assistance Center for Social Emotional Intervention for Young Children
     - টুলকিট
     - সহায়সঙ্গতি
   - Center for Early Childhood Mental Health Consultation
     - Teaching Tools for Young Children with Challenging Behaviors
   - Collaborative Problem Solving
     - Materials
   - Center on the Developing Child
   - Trauma Smart
   - Trauma and Learning Policy Initiative

5. নিচে উল্লিখিত বইগুলি সামাজিক-মানসিক শিক্ষণ সহায়তায় এবং আচরণগত প্রত্যাশা বোঝার জন্য ব্যবহার করা যেতে পারে:

- *Will I Have a Friend?*, by M. Cohen.
- *Llama Llama Misses Mama*, by A. Dewdney.
- *Wemberly Worried*, by K. Henkes.
- *The Kissing Hand*, by Audrey Penn.
- *When I Feel Good about Myself*, by Cornelia Maude Spleman (and others in the series)
- *Knuffle Bunny Too: A Case of Mistaken Identity*, by M. Willems.
- *How Do Dinosaurs Go to School?*, by Yolen & Teague.
- *Me I Am!*, by J. Prelutsky.